

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৫১৯

আগরতলা ,১ জুলাই, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

“মেডিক্যাল কলেজে মাইক্রোবায়োলজির জলের নমুনা পরীক্ষার রিপোর্ট চারদিন পরও পায়নি ডিডব্লিউএস,” এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় গত ২৮ জুন, ২০২৫ তারিখে প্রকাশিত সংবাদ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই প্রসঙ্গে আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের রিপোর্ট অনুযায়ী দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, নমুনায় উপস্থিত দূষণকারী জীবাণুর সঠিক ও নির্ভুল সনাক্তকরণের জন্য মাইক্রোবায়োলজি পরীক্ষাগারে অন্তত ৩(তিন) দিন সময় প্রয়োজন হয়। এটি আন্তর্জাতিকভাবে স্বীকৃত পদ্ধতি এবং বিজ্ঞানসম্মত পরীক্ষার একটি অপরিহার্য অংশ। তাই রিপোর্ট প্রস্তুত ও উপস্থাপনের জন্য নির্ধারিত সময়টুকু অত্যাবশ্যিক। মেডিকেল কলেজ কর্তৃপক্ষ স্বাস্থ্যবিধি রক্ষা ও রোগ নির্ণয়ে সর্বোচ্চ সতর্কতা ও নির্ভুলতা অবলম্বন করে। পরীক্ষার ফলাফল বিশ্লেষণ করে তা সংশ্লিষ্ট বিভাগকে অবহিত করা হয় এবং প্রয়োজনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়।

\*\*\*\*\*